পরিকল্পিত মব সৃষ্টির অভিযোগে দুই আসামীর জামিন না মঞ্জুর

মো সানাউল্লাহ্ রিয়াদ, বরগুনা:: বরগুনা বেতাগী উপজেলার কুমড়াখালী বাজার এলাকায় পরিকল্পিতভাবে মব সৃষ্টি করে রুবেল নামের একজন ভ্যান চালককে গুরুতর আহত করার অভিযোগে দুই আসামির জামিন না মঞ্জুর করে জেল হাজতে প্রেরণের নির্দেশ দিয়েছেন আদালত।
মঙ্গলবার (২৩ জুন) বাদী মোঃ রুবেলের আনীত অভিযোগ এর প্রমানক হিসেবে স্থিরচিত্র, চিকিৎসাপত্র ও পুলিশ রিপোর্ট এর ভিত্তিতে বরগুনার বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ আনোয়ার হোসেন আসামি মোঃ সোহেল ও মোঃ রাজু ওরফে ছগিরের অস্থায়ী জামিন বাতিলপূর্বক তাদের জেল হাজতে প্রেরণের নির্দেশ প্রদান করেন।

অপরদিকে, অন্যান্য আসামিদের বিরুদ্ধে সাধারণ জখমের অভিযোগ থাকায় তাদের অস্থায়ী জামিন স্থায়ীকরণের আদেশ প্রদান করেন তিনি।

মামলার এজাহার সূত্রে জানা যায়, বিগত ২০২৪ সালের ০৫ আগস্ট রাত ১০ টার দিকে কুমড়াখালী বাজারের পূর্ব পাশে পূর্ব বিরোধের জেরে আসামিরা বেআইনিভাবে জনতাবদ্ধ হয়ে অভিযোগকারী রুবেলের উপরে মব সৃষ্টি করে রক্তাক্ত হাড়ভাঙ্গা জখম করে।

পরে বিগত ২০২৪ সালের আগস্ট মাসে বেতাগী থানায় একটি অভিযোগ দাখিল করেন ভুক্তভোগী রুবেল। বিষয়টি গুরুতর হওয়ায় ওই বছরের আগস্ট মাসের ১৫ তারিখ বরগুনার বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে রুবেল বাদী হয়ে একটি মামলা দায়ের করেন। এতে আসামি করা হয়-ওই একই এলাকার মান্নান এর ছেলে মোঃ সোহেল (৪১) ও বাবুল খান এর ছেলে মোঃ রাজু ওরফে ছগির (৩৯) কে।

মামলা সূত্রে জানা গেছে- মোঃ বাবুল ফরাজীর ছেলে বাদী মোঃ রুবেল
(২৮) এর ভ্যানের সামনে এসে গাড়ির চাবি নিয়ে নেয় আসামিরা। এসময় আসামি মোঃ রাজু ওরফে ছগির রুবেলকে লাথি মেরে ভ্যান থেকে ফেলে দেয়।

ভুক্তভোগী রুবেল মামলায় উল্লেখ করেন- ১নং আসামি মোঃ সোহেল চায়না হাতুড়ি দিয়ে তার বাম ও ডান পায়ের গোড়ালিতে একাধিক আঘাত করে গুরুতর হাড়ভাঙ্গা জখম করেন। ২নং আসামি মোঃ রাজু ওরফে ছগির চায়না হাতুড়ি দিয়ে বাম পায়ের হাটু ও গোড়ালির মধ্যবর্তী অংশে

স্বজোরে আঘাত করলে গুরুতর হাড়ভাঙা জখমের সৃষ্টি হয়। এছাড়াও মোঃ কাওসার, রফিকুল, মোঃ বাচ্চু, মোঃ শাহরিয়ার এবং মোঃ ফেরদৌসের বিরুদ্ধে জি.আই. পাইপ দিয়ে মারধরের অভিযোগ আনা হয়। অন্যদিকে, আসামীরা দাবি করেন বাদী মাদক ব্যবসায়ী ও সাজাপ্রাপ্ত আসামী। সামাজিক প্রতিরোধ হিসাবে ভিকটিম মো: রুবেলকে এলাকার লোকজন একজোট হয়ে গণ ধোলাই দেয়।